

## ভারত জাপান মার্কিন যুক্তরাষ্ট্র বিদেশ মন্ত্রিপরিষদের ত্রিপাক্ষিক বৈঠক

পররাষ্ট্র মন্ত্রী আজ সকালে নিউ ইয়র্কে ত্রিপাক্ষিক বৈঠক করলেন মার্কিন সেক্রেটারি অব স্টেট টিলারসন এবং জাপানের বিদেশ মন্ত্রী কোনো-র সঙ্গে। সামুদ্রিক নিরাপত্তা, যোগাযোগ এবং বিস্তার সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা হয় তাঁদের মধ্যে।

আন্তর্জাতিক আইনকে মর্যাদা দিয়ে এবং শান্তিপূর্ণ উপায়ে বিবাদ মিটিয়ে নৌ চলাচলের স্বাধীনতা সুনিশ্চিত করার প্রয়োজনীয় উপর গুরুত্ব আরোপ করা হয়। সর্বজন স্বীকৃত আন্তর্জাতিক মানদণ্ডের উপর ভিত্তি করে যোগাযোগের উদ্যোগকে নিবিড়, গুরুত্বপূর্ণ, নিরপেক্ষ করার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করা হয়। ডিপিআরকে'র বিষয়ে পররাষ্ট্র মন্ত্রী সম্প্রতি ডিপিআরকে-এর সাম্প্রতিক কার্যকলাপ এবং সম্প্রতি বিস্তারমুখী পদক্ষেপের বিরুদ্ধে নজরদারি করা উচিত বলে মন্তব্য করা হয়।

এই তিন মন্ত্রী তাঁদের প্রবীণ কর্মকর্তাদের সহযোগিতা বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ করতে নির্দেশ দেন।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ১৮, ২০১৭